

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং


নং-২০.০৫.০০০০.৮৭৮.১৪.৩১০.১৭-২১

তারিখঃ ৩০ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাঞ্জেকো) কর্তৃক প্রস্তাবিত “রূপসা ৮০০ মেঝওঁ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র”-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) মিজ শামীমা নার্গিস এর সভাপতিত্বে ০৬/০২/২০১৮ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাঞ্জেকো) কর্তৃক প্রস্তাবিত “রূপসা ৮০০ মেঝওঁ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র”-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি’র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।



(মোহাম্মদ তারিফুল বারী)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৯১৮০৬৪৬

ই-মেইলঃ tariful2004@yahoo.com

বিতরণ (জ্যোত্তর ক্রমানুসারে নথি):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃ আঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৪। সচিব, বাস্তুবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাঞ্জেকো), ইউটিসি বিল্ডিং (লেভেল -৩য়-৪র্থ), ৮ পান্তপথ, কাওরান বাজার, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি:

- ১। সিনিয়র সিটেম এনালিষ্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একাত্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন

শিল্প ও শক্তি বিভাগ

**বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাঞ্জেকো) কর্তৃক প্রস্তাবিত “রূপসা ৮০০ মেঃওঁ
কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র” শীর্ষক প্রকল্পের ওপর ০৬/০২/২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার
কার্যবিবরণী।**

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) শামীমা নার্গিস এর সভাপতিতে ০৬/০২/২০১৮ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন
নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাঞ্জেকো) কর্তৃক প্রস্তাবিত “রূপসা ৮০০ মেঃওঁ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র” শীর্ষক
প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা
পরিষিট-“ক” তে সন্নিবেশিত। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, অর্থ বিভাগ এবং
পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না।

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির আহ্বানে সংস্থা কর্তৃক প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট
সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশন উপস্থাপন করা হয়। সংস্থার প্রতিনিধি উল্লেখ করেন যে, দেশের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণের
লক্ষ্যে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সরকার স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। সরকারের
উক্ত পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (নওপাঞ্জেকো) কর্তৃক খুলনা নিউজিপ্রিন্ট মিলস্ লিঃ এর
পরিয়ন্তে ৫০ একর জমিতে “রূপসা ৮০০ মেঃওঁ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র” প্রকল্প নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত
বিদ্যুৎ কেন্দ্রটিতে প্রাথমিক জ্বালানি হিসাবে Natural Gas এবং বিকল্প জ্বালানি হিসাবে High Speed Diesel (HSD) ব্যবহার করা হবো
এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (ADB), ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (IsDB) এবং Japan Fund for Poverty Reduction
(JFPR) এর যৌথ অর্থায়নে ৮৮১৬.৩৩ কোটি টাকা (জিওবি ২৫৬৮.৬৪ কোটি টাকা, প্রকল্প সাহায্য ৬২৩৭.৬৮ কোটি টাকা ও নিজস্ব
তহবিল ৫০.০০ কোটি টাকা) প্রাকলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে।

**৩। আলোচনাঃ প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট ও প্রকল্প সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য উপস্থাপনের পর প্রকল্পটির বিভিন্ন খাতওয়ারী বিষয়ে বিস্তারিত
আলোচনা হয় যা নিম্নরূপঃ**

৩.১ সভায় নির্মিত বিদ্যুৎ কেন্দ্রের জ্বালানী হিসেবে গ্যাস সরবরাহের নিশ্চয়তার বিষয়ে জানতে চাওয়া হলে বাস্তবায়নকারী
সংস্থার পক্ষ হতে জানানো হয় যে, বিদ্যুৎ কেন্দ্রে LNG আমদানি এবং গ্যাস সঞ্চালন ক্ষমতা বৃক্ষি সাপেক্ষে গ্যাস সরবরাহের নিশ্চয়তা
পেট্রোবাংলা হতে পাওয়া গেছে। সভায় নওপাঞ্জেকো থেকে জানানো হয় যে, কেন্দ্রটিতে পেট্রোবাংলার নির্মাণাধীন Floating Storage
Regasification Unit (FSRU) থেকে গ্যাস সরবরাহ করা হবে। ইউনিটটি ২০১৮ সালের প্রথমার্ধে সম্পূর্ণ করা হবো। ফলে উক্ত
ইউনিট হতে শিল্পী গ্যাস পাওয়া সম্ভব হবে। প্রধান (শিল্প ও শক্তি) আলোচনায় অংশ নিয়ে পেট্রোবাংলা থেকে বিদ্যুৎ কেন্দ্রে যে গ্যাস
পাওয়া যাবে তার মূল্য সম্পর্কে জানতে চাইলে নওপাঞ্জেকোর ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, দেশে উৎপাদিত এবং
আমদানীত্বয় গ্যাসের ক্লেভিং প্রাইসের ভিত্তিতে বিদ্যুৎ কেন্দ্রে সরবরাহত্বয় গ্যাসের মূল্য নির্ধারণের বিষয়ে নওপাঞ্জেকো চেষ্টা করছে।
উক্ত প্রক্ষিপ্তে সভায় বিদ্যুৎ কেন্দ্রের জন্য গ্যাসের মূল্য নির্ধারণের পক্ষে অভিমত ব্যক্ত করা হয়। কারণ LNG
আমদানি মূল্যের ভিত্তিতে বিদ্যুৎ কেন্দ্রের জন্য গ্যাসের মূল্য নির্ধারণ করা হলে প্রকল্পটি আর্থিকভাবে লাভজনক হওয়ার সম্ভাবনা নেই। এ
বিষয়ের অগ্রগতি প্রতিবেদন ডিপিপিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৩.২ সভায় ইঞ্জিনিয়ারিং, ডিজাইন, প্রক্রিউরমেন্ট, সাপ্লাই, ইন্সটলেশন, টেক্স্টিং এন্ড কমিশনিং অব গ্যাস ডিস্ট্রিবিউশন
পাইপলাইন বাবদ ৪০.৫০ কোটি টাকা ব্যয় প্রাকলনের ভিত্তি জানতে চাওয়া হলে সংস্থার পক্ষ হতে জানানো হয় যে, উক্ত প্রাকলন
পেট্রোবাংলার আওতাধীন সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ (SGCL) হতে নেয়া হয়েছে। আলোচ্য কাজটির Construction
Supervision সহ যাবতীয় কাজ সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ (SGCL) এর পরামর্শদ্বারা সম্পাদিত হবে মর্মে নওপাঞ্জেকো ও
SGCL এর মধ্যে গত ৩০/০৮/২০১৭ ইং তারিখে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে। উক্ত MOU ডিপিপিতে সংযুক্ত
করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

৩.৩ সভায় জানানো হয় যে, ক্রয় পরিকল্পনায় GD-2 Package এর মূল্য ২.৮১৪৯ কোটি টাকা হওয়া সত্ত্বেও এটিকে RFQ এর
পক্ষতি উল্লেখ করা হয়েছে-যা PPR-২০০৮ এর ব্যত্যয়া PPR-২০০৮ অনুযায়ী এক বছরে উন্নয়ন খাতে Works এর একটি প্যাকেজে
অনধিক ১০ লক্ষ টাকার RFQ করা যেতে পারে। সংস্থার প্রতিনিধি বলেন যে, GD-2 Package এর আওতায় অফিসের আসবাব,
যন্ত্রপাতি ও অন্যান্য দ্রব্যাদি প্রকল্পের চাহিদা অনুযায়ী রিভিম অর্থ বছরে সংগ্রহ করা হবে। এমতাবস্থায়, উক্ত প্যাকেজটি পিপিএ ২০০৬
এবং পিপিআর ২০০৮ এর বিধি-বিধান অনুসরণপূর্বক ডিপিপিতে সন্নিবেশ করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

৩.৪ সভায় প্রকল্প সাহায্যের বিষয়ে উন্নয়ন সহযোগীদের সাথে চুক্তির বর্তমান অবস্থা আলোচিত হয়। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি বলেন যে, উন্নয়ন সহযোগীর সাথে এখনো চুক্তি সম্পাদিত হয়নি। তবে মার্চ, ২০১৮ তে নেগোসিয়েশন সভা হবে। প্রকল্পটির অনুকূলে প্রকল্প সাহায্যের বিষয়ে সর্বশেষ অগ্রগতি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে সংগ্রহ করে ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে বলে সভায় মত দেয়া হয়। উক্ত প্রকল্পে সভাপতি বলেন যে, ডিপিপিতে Retroactive Financing এর বিষয় উল্লেখ রয়েছে। সাধারণভাবে Retroactive Financing এর ক্ষেত্রে অনেক সময় উন্নয়ন অংশীদারদের সাথে জিটিলতার সৃষ্টি হয়। এ কারণে Retroactive Financing এর বিষয় নিরুৎসাহিত করা হয়। তিনি বিবেচ্য প্রকল্পের Retroactive Financing যথাসম্ভব সীমিত রাখার নির্দেশনা প্রদান করেন। নওপাজেকো'র প্রতিনিধি জানান যে, বিবেচ্য প্রকল্পে প্রায় ১৯.০০ কোটি টাকা Retroactive Financing এ বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে-যা প্রকল্প বাস্তবায়নে অপরিহার্য। ভবিষ্যতে কোন প্রকল্পে এ ধরণের Retroactive Financing এর সংস্থান না রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।


৩.৫ সভায় প্রাক-জাহাজীকরণ পরিদর্শন ব্যয় হিসেবে ২.০২ কোটি টাকা সংস্থানের ভিত্তি জানতে চাওয়া হলে সংস্থান প্রতিনিধি বলেন যে, প্রকল্পের Feasibility Study Report এবং নওপাজেকো এর আওতায় ইতোপূর্বে সম্পাদিত অন্যান্য প্রকল্পের ন্যায় একটি নিরপেক্ষ Third Party কর্তৃক একই ধরণের কাজের চুক্তিমূল্যের আলোকে আলোচ্য ব্যয় প্রাকল্প করা হয়েছে। প্রাইস কন্টিনজেন্সী বাবদ প্রকল্প ব্যয় ৬% এর পরিবর্তে ২% এ নির্ধারণ করার জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.৬ সভায় বৈদেশিক প্রশিক্ষণ বাবদ ২৮.০৭ কোটি টাকার পরিবর্তে ১০.০০ কোটি টাকার সংস্থান রাখা এবং প্রশিক্ষণ ও স্টাডি ট্যুর পৃথকভাবে দেখানোর জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৪। সুপারিশঃ বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বিবেচ্য প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়ঃ

- ৪.১ নির্মিতব্য বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের হালনাগাদ তথ্য ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে এবং বিদ্যুৎ কেন্দ্রের জন্য সরবরাহত্ব গ্যাসের মূল্য সুস্পষ্ট করতে হবে;
- ৪.২ নওপাজেকো ও SGCL এর মধ্যে গত ৩০/০৮/২০১৭ তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MOU) ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে;
- ৪.৩ GD-2 Package টি পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর বিধি-বিধান অনুসরণপূর্বক ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;
- ৪.৪ প্রকল্পটির অনুকূলে প্রকল্প সাহায্যের বিষয়ে সর্বশেষ অগ্রগতি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে সংগ্রহ করে ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে এবং বিবেচ্য প্রকল্পে রেট্রোঅ্যাক্টিভ ব্যয় একান্তই বাদ দেয়া সম্ভব না হলে তা যথাসম্ভব সীমিত পরিমাণে রাখতে হবে;
- ৪.৫ প্রাইস কন্টিনজেন্সী খাতের টাকা ২% এ নির্ধারণ করতে হবে;
- ৪.৬ প্রশিক্ষণ খাতের ব্যয় ১০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। তবে বাস্তবায়নকারী সংস্থার জনবলের কারিগরি প্রশিক্ষণ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের জন্য প্রশিক্ষণ/স্টাডি ট্যুর পৃথকভাবে ডিপিপিতে প্রদর্শন করতে হবে;
- ৪.৭ Implementation Arrangement এবং খণ্ড পরিশোধের মেয়াদ ডিপিপিতে সঠিকভাবে উল্লেখ করতে হবে, ডিপিপিতে রেট্রোঅ্যাক্টিভ বিষয়ে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে, প্রকল্প সাহায্য প্রদানকারী সকল সংস্থার নাম উল্লেখ করতে হবে এবং ১৪.২ নং অনুচ্ছেদ (Linkages to other projects & institutions) সঠিকভাবে সন্নিবেশ করতে হবে;
- ৪.৮ উপরোক্ত আলোচনা ও সুপারিশের আলোকে পুনর্গঠিত ডিপিপি ২০ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।


(মোমিনুল ইসলাম)
সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন

শিল্প ও শক্তি বিভাগ

বিদ্যুৎ উইং, শাখা-১

বিষয়ঃ ০৬/০২/২০১৮ তারিখে অনুষ্ঠিত “রূপসা ৮০০ মেঃওঁ কষাইল বিদ্যুৎ কেন্দ্র”-শীর্ষক প্রকল্পের
ওপর প্রকল্প মূল্যায়ণ কমিটির (পিইসি) সভায় উপস্থিত কর্মকর্তাগনের তালিকা।

ক্রমিক নং	নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা	ফোন নম্বর	ই-মেইল	স্বাক্ষর
১.	লেখ সেন্স প্রেস্বন ঘোষ শিল্প উন্নয়ন বিভাগ (পিইসি প্রেস্বন এন্ড এন্ডিজ)	০১৭৭২৬২৭২২৮	ahadnargish@yahoo.com	
২.	কাজী জয়চন্দ্র আলম মুস্ত-পর্ণ / মঃক	০১৭১১-৫৮২৭১৮	kazialam62@yahoo.com	
৩.	আবু মাল্দুব খেল: কাষক্তিয়ান উদ্দ-সর্বান, বিদ্যুৎ উইং, পরিকল্পনা বিভাগে	০১৭১১-২৯২৯০০	kzaman050870@yahoo.com	
৪.	মাহিদ আলিউল্লাহ হিয়া উচ্চমাচি, ইতিয়াতি	১২৩৫৭৮	md.waliullah62@yahoo.com	
৫.	সুন্দর কান্তি বজ্যা পর্যবেক্ষক (ডিপ্যুচির)	০১৭১২১২৯৫২২	Konisha@gmail.com	
৬.	বেগ কল্পনা আলম বেগ বেগ	০০২১১-১৮১৩৩	00211-18133	
৭.				
৮.	তুরুরিনা বওকান অঞ্জনী প্রধান -শার্পেজ বিভাগ	০১৮০৫৫২	sbn-rcn@yahoo.com	
৯.	মোঃ মাইনুদ্দিন মুকুর নির্বাচী প্রকৌশলী	০১৭৩০০৬৬৯৭৪	mainuddin.mwpjel@gmail.com	

ক্রমিক নং	নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা	ফোন নম্বর	ই-মেইল	স্বাক্ষর
১০.	শ্রী: আহিনু চৌধুরী স্বাস্থ্য মন্ত্রণালয় (প্রতিবেশ) নওগাঁ পুরসভা	০২৭৩৮০৮৫৮৮৫	paling.nwpgel@gmail.com	Sug
১১.	শুয়ুরুদ মাইকেল আলুর খনী অ্যালিসন, নওগাঁমুড়া	০২৭৬০০৬৪৮৮৮	scifuddin.nwpgel @gmail.com	✓
১২.	ডেট: কেসিডেন্ট রেফার্ম প্রজ. মুক্ত গবেষণা এন্ড প্রযোজন কার্যালয়ের প্রতিবেশ পুরসভা	০২৭৩৮০৮৫৮৮৭	det.mukta@mineweb. com	✓
১৩.	এ.পি. পাখ গবেষণা এন্ড প্রযোজন প্রকল্প প্রতিবেশ (প্রতিবেশ)	০২৭৬০০৮৬৫৮৭৯	@cepfnd.com	✓
১৪.	ডঃ কেন্দ্ৰ মো: কেন্দ্ৰাল এন্ড স্বাস্থ্য পুরসভা বিজ্ঞান বিভাগ	০২৭৪৪৮৮	det.kf-1@sd. gov.bd	✓
১৫.	কেন্দ্ৰ মন্ত্রণালয় পুরসভা বিজ্ঞান বিভাগ	০২৭০০৬৬৫৮৮৮	mdm@nwpgel. bd.	✓
১৬.				
১৭.				
১৮.				
১৯.				
২০.				
২১.				